যুগান্তর

তারিখ ..... 7 MAY 2003.
পৃষ্ঠা ..... কলাম ......

# প্রহসনমূলকভাবে পরীক্ষা কেন্দ্র পরিবর্তন

গত কয়েক বছর থেকে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় কাপাসিয়ার কেন্দ্রগুলোতে নকলের মহোৎসব বসে। নকলের এ মহোৎসবের অন্যতম কারণ হচ্ছে এখানকার কেন্দ্রগুলোতে পরীক্ষার্থী পরিবর্তন না করে শিক্ষক পরিবর্তন করা হয়। গত কয়েক বছর ধরে কাপাসিয়ায় প্রহসনমূলক কেন্দ্র পরিবর্তন করা হয়। একে কেন্দ্র পরিবর্তন বলা যায় না। বরং ডিসি, থানা নির্বাহী কর্মকর্তা, কলেজ অধ্যক্ষবৃন্দের কারসাজিতে নকলের বৈধতা প্রদান বলাই যুক্তিসঙ্গত। তাই আগামী ২৯ মে ২০০৩ তারিখে অনুষ্ঠিত উচ্চ মাধ্যমিক পরীক্ষার ক্ষেত্রে কাপাসিয়ায় কেন্দ্র পরিবর্তনের জন্য নিম্নে উল্লিখিত সুপারিশসমূহ প্রদান করলাম : ১. কাপাসিয়া-১ কেন্দ্রে (কাপাসিয়া ডিগ্রি কলেজ) আসন বিন্যাস হবে বঙ্গতাজ কলেজ, আলহাজ্ব রেজাউল হক কলেজ, তারাগঞ্জ স্কুল এন্ড কলেজের। ২. কাপাসিয়া-২ (বঙ্গতাজ কলেজ) কেন্দ্রে আসন বিন্যাস হবে শরীফ মমতাজ কলেজের। ৩. কাপাসিয়া-৩ (শরীফ মমতাজ কলেজ) কেন্দ্রে আসন বিন্যাস হবে ইউনিয়ন ডিগ্রি কলেজের। ৪. কাপাসিয়া-৪ (ইউনিয়ন ডিগ্রি কলেজ, হাইলজোর) কেন্দ্রে আসন বিন্যাস হবে কাপাসিয়া ডিগ্রি কলেজের। উপরে উল্লিখিতভাবে পরীক্ষার্থী পরিবর্তন করা হলে আশা করা যায় আগামী ২৯ মে ২০০৩ তারিখের পরীক্ষা সম্পূর্ণ নকলমুক্ত হবে। এভাবে পরীক্ষার্থী পরিবর্তন করা হলে পরীক্ষার্থী নকল করার সাহস ও সুযোগ পাবে না এবং শিক্ষকরা নিরাপদে সঠিকভাবে দায়িত্ব পালন করতে পারবেন। তাই এলাকার সব শিক্ষক, অভিভাবক ও সচেতন মহলের দাবি উপরোক্তভাবে কাপাসিয়ায় উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় আসন বিন্যাস করা হোক।

**মোহাম্মদ রেজাউল হক**, তরগাঁও, কাপাসিয়া, গাজীপুর